পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলকাতা – ৭০০০০৭
ফোন নং: (০৩৩) ২২৪১-২০৬০

বার্তা সম্পাদক

_____।

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

০৬-০৭-২০২৩

রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় অস্থায়ী উপাচার্য পদে প্রাক্তন বিচারপতি শুভ্রকমল মুখোপাধ্যায়ের নিয়োগের প্রতিবাদ করছে পশ্চিমবঙ্গ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। রাজ্যে শিক্ষাদপ্তর এবং রাজ্যপালের দ্বৈরথে বেশ কিছুকাল যাবৎ উচ্চশিক্ষা জগতে যে নৈরাজ্য ও অচলাবস্থা চলেছে তাতে অনেক বিশ্ববিদ্যালয়ে কোনো উপাচার্য নেই। এরাজ্যে ইতিমধ্যে বহু বিশ্ববিদ্যালয়ে ইউজিসির যোগ্যতা মান লঙ্ঘন করে অস্থায়ী উপাচার্য নিয়োগ করা হয়েছে। কিন্তু শিক্ষাব্যবস্থার সাথে কোনো ভাবে যুক্ত না থাকা একজন প্রাক্তন বিচারপতিকে অস্থায়ী উপাচার্য হিসেবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে নিয়োগ ইউজিসি বিধির পরিপন্থী এবং চরম অনৈতিক পদক্ষেপ বলে ওয়েবকুটা মনে করে। মুখ্যমন্ত্রীকে রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়গুলির আচার্য করার লক্ষে রাজ্য সরকারের অবিচল থাকা, সার্চ কমিটিতে বিশ্ববিদ্যালয়ের নমিনির পরিবর্তে মুখ্যমন্ত্রীর মনোনীত সদস্য রাখবার সিদ্ধান্ত আর অন্যদিকে মাননীয় রাজ্যপালের বিশ্ববিদ্যালয় পরিচালনায় ঘনঘন রীতি-বিরুদ্ধ হস্তক্ষেপ পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থাকে সমুহ বিপর্যয়ের দিকে ঠেলে দিচ্ছে। সমাজের সর্ব অংশের চিন্তাশীল নাগরিকদের কাছে ওয়েবকুটার আবেদন পশ্চিমবঙ্গের শিক্ষাকে সুপরিকল্পিত ভাবে ধ্বংস করার এই অপচেষ্টার বিরুদ্ধে নাগরিক প্রতিরোধ গড়ে তুলুন।

ধন্যবাদ সহ,

শুভোদয় দাশগুপ্ত

(শুভোদয় দাশগুপ্ত)
সভাপতি
মোবাইল নং ৯৮৩১২০১৮৫২

কেশব ভট্টাচার্য

(কেশব ভট্টাচার্য)
সাধারণ সম্পাদক
মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪